

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪৪) জিন্নেরা কি গায়েব জানে?

উত্তর: জিন্নেরা গায়েব জানে না। আল্লাহ ব্যতীত আকাশ-জমিনের কোনো মাখলুকই গায়েবের খবর রাখে না। আল্লাহ বলেন,

﴿ فَلَمَّا قَضَيانَنَا عَلَياهِ ٱلآمَواتَ مَا دَلَّهُم اللَّعَلَىٰ مَواتِهِ آ إِلَّا دَآبَّةُ ٱلآاً راضِ تَأْلَكُلُ مِنسَأَتَهُ الآ فَلَمَّا خَرَّ تَبَيَّنَتِ الْعَلَمُ وَاللَّهُ اللَّهُ الللَّهُ اللَّا اللَّا اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّا اللّهُ اللَّلْمُ ال

"যখন আমি তাঁর (সুলাইমানের) মৃত্যু ঘটালাম, তখন ঘুণ পোকাই জিন্নদেরকে তাঁর মৃত্যু সম্পর্কে অবহিত করল। সুলায়মানের লাঠি খেয়ে যাচ্ছিল। যখন তিনি মাটিতে পড়ে গেলেন, তখন জিন্নেরা বুঝতে পারল যে, অদৃশ্য বিষয়ের জ্ঞান থাকলে তারা এ লাঞ্চনাপূর্ণ শাস্তিতে আবদ্ধ থাকতো না।" [সূরা সাবা, আয়াত: ১৪]

সুতরাং যে ব্যক্তি ইলমে গায়েবের দাবী করবে সে কাফির হয়ে যাবে। আর যে ব্যক্তি কাউকে ইলমে গায়েবে জানে বলে বিশ্বাস করবে, সেও কাফির। কারণ, আল্লাহ ছাড়া অন্য কেউ গায়েবের খবর জানে না। আল্লাহ বলেন,

"বলুন আসমান-জমিনে আল্লাহ ব্যতীত অন্য কেউ গায়েবের খবর জানে না।" [সূরা আন-নামল. আয়াত: ৬৫] যারা ভবিষ্যতের সংবাদ জানে বলে দাবী করে, তাদেরকে গণক বলা হয়। নবী সাল্লাল্লাল্থ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন.

"যে ব্যক্তি কোনো গণকের কাছে এসে কোনো কিছু জিজ্ঞাসা করল, চল্লিশ দিন পর্যন্ত তার সালাত কবূল হবে না।[1] গণকের কথা বিশ্বাস করলে কাফিরে পরিণত হবে। কারণ, গণকের কথা বিশ্বাসের মাধ্যমে সে আল্লাহর নিম্নলিখিত বাণীকে মিথ্যাপ্রতিপন্ন করল। আল্লাহ বলেন.

"আসমান-জমিনে আল্লাহ ব্যতীত অন্য কেউ গায়েবের খবর জানে না।" [সূরা আন-নামল. আয়াত: ৬৫]

ফুটনোট

[1] সহীহ মুসলিম, অধ্যায়: কিতাবুস সালাম।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=576

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন